WHALE AND DOLPHIN CONSERVATION

WDC


BCDP

এই সুযোগে তোমাদের মত সব প্রিয় বন্ধুদের আবারও
একটা  কথা বলতে চাই :

আমরা শুশুকরা তোমাদের মতই স্তন্যপায়ী প্রাণী ।
আমরা বুদ্ধিমান ও পরোপকারী ।
আমাদের বাঁচতে দিলে খুশী হই,
আর পরিবেশের ভারসাম্য রক্ষায় সাহায্য করতে পারি ।
তোমরাও আমাদের সাহায্য করতে পার মৃত
বা আটকে পড়া ডলফিন সম্পর্কে এই নাম্বারে
জানিয়ে- ০১৬১২২২৮৮০০, ০১৭১৩২২৮৮০০

শিশু-কিশোরদের
রঙ করার জন্য গল্পের বই

# নদীর ডলফিন
# শুশুক



# নদীর ডলফিন

# শুশুক

## শিশু-কিশোরদের রঙ করার জন্য গল্পের বই


রচনা

**এলিসন স্মিথ**

অলংকরন

**মার্ক সিমন্ড্‌স্‌**

পরিকল্পনা

**ভানেসা উইলিয়ামস্‌**

অনুবাদ

**আমীনুল হক**

**বেনজীর আহমেদ**

**ফরিদ আহসান**


WHALE AND DOLPHIN CONSERVATION WDC · BCDP · WILDLIFE CONSERVATION SOCIETY

নদীর ডলফিন

**শুশুক**

শিশু-কিশোরদের রং করার জন্য গল্পের বই


প্রকাশক : এলিজাবেথ ফাহ্‌রনি মনসুর
বাংলাদেশ জলজ স্তন্যপায়ী প্রাণী বৈচিত্র্য প্রকল্প
Bangladesh Cetacean Diversity Project (BCDP)
বাড়ি ৮৯, সড়ক ২, সোনাডাঙ্গা, খুলনা, বাংলাদেশ
হটলাইন : ০১৬১২২২৮৮০০, ০১৭১৩২২৮৮০০
ওয়েবসাইট : www.shushuk.org

প্রথম বাংলা সংস্করন : মে, ২০০৭
পুন:মূদ্রণ : ডিসেম্বর, ২০১১ ; জুন, ২০১৪
মূদ্রণ ব্যবস্থাপনা : শফিক প্রিন্টার্স, ঢাকা, বাংলাদেশ

বন্ধুরা! আমি শুশুক, নদীর ডলফিন!
আমার মত সব ডলফিনই খু-উ-ব সুন্দর -
সংখ্যায় আমরা অনেক কম ও দুষ্প্রাপ্য ।






আমার চোখ নেই বললেই চলে । তবে সারস পাখির মত লম্বা ঠোঁট আছে ।
আমি কাৎ হয়ে আর উল্টে চিৎ-সাঁতার কাটতে ভালবাসি ।



পানিতে বাস করলেও আমি কিন্তু
পড়শিদের মত মাছ নই - যদিও অনেকেই
আমাকে মাছ বলে মনে করে এবং
শিশুমাছ বলে ডাকে। আসলে আমি
তোমাদের মতই স্তন্যপায়ী।
মাথায় ফাটলের ছিদ্র দিয়ে শ্বাস-প্রশ্বাস চালাই।
আমি যখন পানির নিচে ডুব দিয়ে চলি
তখন আমার শ্বাস বন্ধ রাখতে হয়।




আমি আম্মুর পাশে পাশেই সাঁতরে বেড়াই। আম্মু আমার যত্ন নেন আর দুধ পান করান।



আমার নিবাস পদ্মা-মেঘনা-যমুনা-ব্রহ্মপুত্র-কর্ণফুলী । এসব নদ-নদীতে মাছ, কচ্ছপ, কুমির, উদবিড়াল আর মানুষের সাথে পড়শি হিসাবে বাস করি ।



আম্মু শব্দ-তরঙ্গ দিয়ে খাবার খোঁজেন । তাঁর ক্লিক্ ক্লিক্ শব্দের প্রতিধ্বনি থেকে তিনি খাবারের অবস্থান চেনেন । ছোট মাছ আর চিংড়ি আম্মুর প্রিয় খাদ্য ।



মানুষ আমাদের অতি প্রিয়জন। কিন্তু মাঝে মাঝে তারা অনেক বেশী মাছ ধরে নেয়,
আর নদীতে আমাদের জন্য খুবই বিপজ্জনক জাল পাতে।


একবার হল কি!
আব্বু মাছ-ধরা জালে আটকে যান!
ফলে শ্বাস নিতে পারছিলেন না এবং ডুবে
মরতে যাচ্ছিলেন আব্বুর চিৎকার শুনেও
তাঁকে সাহায্য করতে পারছিলাম না!





এমন সময় এক অবিশ্বাস্য ঘটনা ঘটলো!
দয়ালু জেলে আর তার ছেলে আব্বুকে জাল থেকে মুক্ত করে নদীতে ছেড়ে দিলো ।

এতে আমি এত খুশী হই যে,
আনন্দে আত্মহারা হয়ে
পানির ভিতর থেকে লাফ দিয়ে
উপরে বের হয়ে আসি ।



হোয়েল এন্ড ডলফিন কনজারভেসন বা WDC (আগে WDCS হিসেবে পরিচিত ছিল) তিমি ও ডলফিন সংরক্ষণে একটি নেতৃত্বস্থানীয় আন্তর্জাতিক দাতব্য প্রতিষ্ঠান। অদ্ভুত সুন্দর এই প্রাণীকূলকে বিপদসমূহ থেকে রক্ষা করতে আমরা বিভিন্ন প্রচারাভিযান, আইন প্রণোয়ন, সরকারকে পরামর্শ প্রদান, সংরক্ষণের বিভিন্ন প্রকল্প, গবেষণা ও উদ্ধারকাজ চালিয়ে যাচ্ছি। আমাদের লক্ষ্য পৃথিবীর প্রতিটি স্থানে প্রতিটি তিমি-ডলফিন যেন নিরাপদ ও মুক্ত থাকে। আমাদের সম্পর্কে আরও জানতে দেখুন www.whales.org ওয়েবসাইটটি।

বিজ্ঞান-গবেষণা, সংরক্ষণের প্রকল্প, শিক্ষা-সম্প্রসারণ এবং মানুষকে উৎসাহ প্রদানের মাধ্যমে ওয়াইল্ডলাইফ কনজারভেসন সোসাইটি (WCS) কাজ করে যাচ্ছে বন্যপ্রাণী ও বন্য জায়গা সংরক্ষনের জন্য। এক শতকের বেশি সময় জুড়ে কাজের অভিজ্ঞতা, এক ডজনেরও বেশি প্রাকৃতিক ভূমিকে সংরক্ষণের দীর্ঘমেয়াদী অঙ্গীকার এবং প্রায় ৬০টি দেশে কাজ করার মাধ্যমে ওয়াইল্ডলাইফ কনজারভেসন সোসাইটি পুঞ্জীভূত করেছে জীববিজ্ঞানের বিপুল জ্ঞান, সাংস্কৃতিক সমঝোতা এবং অংশীদারিত্ব যার মাধ্যমে আমরা নিশ্চিত করছি সমৃদ্ধ বন্যজায়গা ও বন্যপ্রাণীর সংরক্ষণ। ওয়াইল্ডলাইফ কনজারভেসন সোসাইটি সম্পর্কে জানতে দেখুন www.wcs.org ওয়েবসাইটটি।

সেটেশানদের (তিমি, ডলফিন ও পরপয়েস) জন্য গ্লোবাল হটস্পট হিসেবে পরিচিত বাংলাদেশের ১২০ কিলোমিটার এলাকায় গবেষণার জন্য ওয়াইল্ডলাইফ কনজারভেসন সোসাইটি সূত্রপাত করে বাংলাদেশ জলজ স্তন্যপায়ী প্রাণী বৈচিত্র্য প্রকল্পের (BCDP) এবং জন্মলগ্ন থেকেই BCDP স্থানীয় জনগণের সাথে সক্রিয়ভাবে কাজ করে যাচ্ছে গবেষণা, ক্ষমতা বৃদ্ধি এবং শিক্ষা-প্রশিক্ষণ কার্যক্রমের মাধ্যমে। আমাদের সম্পর্কে আরও জানতে দেখুন www.shushuk.org ওয়েবসাইটটি।